# মেসির জোড়া গোলে নিউ ইংল্যান্ডকে হারালো ইন্টার মিয়ামি




সংগৃহীত ছবি

লায়নেল মেসির দুর্দান্ত ফর্ম অব্যাহত। আজ নিউ ইংল্যান্ড রেভলিউশনের বিপক্ষে আবারও জোড়া গোল করলেন তিনি। এই জয়ে ইন্টার মিয়ামি পেল টানা পাঁচ ম্যাচে অপরাজিত থাকার স্বস্তি, আর মেসি গড়লেন এমএলএস ইতিহাসে টানা চার ম্যাচে জোড়া গোলের অনন্য রেকর্ড।

ম্যাসাচুসেটসের গিলেট স্টেডিয়ামে আজ বুধবার (৯ জুলাই) রাতে অনুষ্ঠিত ম্যাচে নিউ ইংল্যান্ড রেভলিউশনকে ২-১ গোলে হারিয়েছে ইন্টার মিয়ামি। ম্যাচে দলটির হয়ে দুইটি গোলই করেছেন আর্জেন্টাইন মহাতারকা লায়নেল মেসি। আর এর মাধ্যমে তিনি এমএলএস ইতিহাসে টানা চার ম্যাচে জোড়া গোলের নজির গড়লেন।

ম্যাচের ২৭তম মিনিটে প্রথম গোল করেন মেসি। প্রতিপক্ষের রক্ষণভেদের সুযোগ নিয়ে দারুণ শটে বল পাঠান জালে। এরপর ৩৮ মিনিটে সার্জিও বাসকুয়েটসের দুর্দান্ত পাস থেকে নিজের দ্বিতীয় গোলটি করেন তিনি।

নিউ ইংল্যান্ড রেভলিউশন ম্যাচে একমাত্র গোলটি করে ৮০ মিনিটে, কার্লেস গিলের সৌজন্যে। তবে ম্যাচে ফিরতে পারেনি তারা। শেষ পর্যন্ত ২-১ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে ইন্টার মিয়ামি।

এই জয়ে ইন্টার মিয়ামি এখন পূর্বাঞ্চলীয় কনফারেন্সের পয়েন্ট টেবিলে ৩৫ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে উঠে এসেছে। টানা পাঁচ ম্যাচে অপরাজিত রয়েছে তারা।

ম্যাচ শেষে মেসিকে ম্যাচসেরা খেলোয়াড় নির্বাচিত করা হয়। তার ধারাবাহিক পারফরম্যান্স এখনো দলে অনুপ্রেরণা জোগাচ্ছে এবং সমর্থকদের দিচ্ছে আশা— এবারের মৌসুমে শিরোপা লড়াইয়ে মিয়ামি থাকবে শীর্ষ প্রতিদ্বন্দ্বীদের কাতারে।